প্রত্যেক ব্যক্তির মৃত্যুর সাথে সাথে তার আমল শেষ হয়ে যায়। কিন্তু সীমান্ত প্রহরীর সাওয়াব বন্ধ হয় না। কিয়ামত পর্যন্ত তার আমলের সাওয়াব বৃদ্ধি পেতে থাকবে এবং সে কবরের ফিতনা থেকে নিরাপদ থাকবে।

ফাদালাহ বিন উবাইদ, সালমান আল-ফারসী এবং উকবা ইবন আমের আল-জুহানী রাদিয়াল্লাহু আনহুম থেকে মরফূ হিসেবে বর্ণিত, “প্রত্যেক ব্যক্তির মৃত্যুর সাথে সাথে তার আমল শেষ হয়ে
যায়, কিন্তু সীমান্ত প্রহরীর সাওয়াব বন্ধ হয় না। কিয়ামত পর্যন্ত তার আমলের সাওয়াব বৃদ্ধি পেতে থাকবে এবং সে কবরের ফিতনা থেকে নিরাপদ থাকবে।” [সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

প্রত্যেক ব্যক্তির মৃত্যুর সাথে সাথে তার আমল বন্ধ হয়ে যায়। এরপর তার জন্য আর কোনো নতুন সাওয়াব লিখা হয় না। কিন্তু সীমান্ত প্রহরীর সাওয়াব বাকী থাকে যারা মুসলিমদের সীমানা পাহারা দেয়। নিশ্চয় আল্লাহ তাআলা তার আমলের সাওয়াব জারী রেখে তাকে সম্মানিত করেন এবং কবরের ফিতনা থেকে নিরাপদ রাখেন। সুতরাং দুই ফিরিশতা (মুনকার ও নাকির) তাকে কোনো প্রশ্ন করবে না।

https://sunnah.global/hadeeth/bn/show/2756